গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, কুমিল্লা।
(প্রশাসনিক শাখা)

স্মারক নং-সিজেএম/কুম-২৯০/২০২৪ (প্রঃশাঃ) তারিখঃ ১১/১২/২০২৪খ্রিঃ।

বিষয় ঃ The Code of Criminal Procedure, 1898 এর 174 ধারার বিধান অনুযায়ী আত্মহত্যা, প্রভৃতি, সম্পর্কে অনুসন্ধান ও প্রতিবেদন প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আত্মহত্যা, প্রভৃতি সংক্রান্ত মৃত্যুর বিষয়ে The Code of Criminal Procedure, 1898 এর 174 অনুযায়ী সুরতহাল প্রতিবেদন প্রস্তুত করতঃ জেলা ম্যাজিস্ট্রেট অথবা নিকটস্থ নির্বাহী ম্যাজিস্ট্রেট এর নিকট উপস্থাপন করার বিধান রয়েছে। এই সংক্রান্ত পুলিশ প্রতিবেদন বিষয়ে সিদ্ধান্ত প্রদানের এখতিয়ার ও তাঁদের। বর্ণিত আইনের 36 ধারার বিধান অনুযায়ী তৃতীয় তফসিলে জেলা ম্যাজিস্ট্রেট এর সাধারণ ক্ষমতা সমূহের 11 নং দফায় সুস্পষ্টভাবে Power to hold inquest under section 174 উল্লেখ করা আছে। ফলে The Code of Criminal Procedure, 1898 এর 174 ধারা অনুযায়ী পুলিশ কর্তৃক আত্মহত্যা, প্রভৃতিসহ বর্ণিত ধারায় উল্লেখিত মৃত্যু সংক্রান্ত অনুসন্ধান ও প্রতিবেদন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের কোন এখতিয়ার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা তাঁর অধীনস্থ অন্য কোন অতিরিক্ত চীফ/সিনিয়র/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর নেই। ইতোপূর্বে এই সংক্রান্তে মহামান্য হাইকোর্ট বিভাগ, সুপ্রীম কোর্ট, ঢাকা বিজ্ঞপ্তি নং ১৯৮৯৯ তারিখ ২৭/১১/২০০৭ (সংযুক্তি-১) জারীকরলেও কুমিল্লা জেলায় অপমৃত্যু সংক্রান্তে রুজুকৃত মামলা সমূহে উক্ত বিজ্ঞপ্তিসহ The Code of Criminal Procedure, 1898 এর 174 ও 36 ধারার বিধান অনুসরণ করা হচ্ছে না।

এমতাবস্থায় বর্ণিত বিষয়ে The Code of Criminal Procedure, 1898 এর 174 ও 36 ধারাসহ মহামান্য হাইকোর্ট বিভাগের সংযুক্ত সার্কুলার অনুসরণ করার জন্য কুমিল্লা জেলার সকল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশ প্রদান করা হলো। একই সঙ্গে অত্র ম্যাজিস্ট্রেসীর বিভিন্ন আমলী আদালতে মুলতবি থাকা অপমৃত্যু মামলাসমূহের প্রতিটি পরবর্তী ধার্য তারিখে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট এর নিকট প্রেরণের জন্য বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটদের নির্দেশ প্রদান করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ-/
(মোঃ ইয়াছির আরাফাত)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
কুমিল্লা।

স্মারক নং- সিজেএম/কুম- ২৯০(১১)/২০২৪/প্রঃশাঃ তারিখঃ ১১/১২/২০২৪খ্রিঃ।

আদেশেরে অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জেলা ও দায়রা জজ, কুমিল্লা।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা (তাঁর অধীনস্থ সকল নির্বাহী ম্যাজিস্ট্রেটকে অবহিত করার অনুরোধসহ)।
২। পুলিশ সুপার, কুমিল্লা (সকল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
৩। বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-১ম/২য়/৩য়/৪র্থ/৫ম আদালত, কুমিল্লা।
৪। বিজ্ঞ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-১ম/২য়/৩য়/৪র্থ/৫ম/৬ষ্ঠ আদালত, কুমিল্লা।
৫। কোর্ট ইন্সপেক্টর, কুমিল্লা (সংশ্লিষ্ট জিআরওদের নির্দেশনা প্রদানের নিমিত্ত)।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা -------------------------------- থানা, কুমিল্লা।
৭। বিজ্ঞ সভাপিত/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, কুমিল্লা।
৮। পি.এ টু, চীফ জুডিসিয়ার ম্যাজিস্ট্রেট, কুমিল্লা।
৯। কম্পিউটার অপারেটর, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কুমিল্লা (ওয়েব সাইটে প্রকাশের নিমিত্ত)।
১০। অফিস কপি/গার্ড ফাইল।

১১/১২/২০২৪

(মোঃ ইয়াছির আরাফাত)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
কুমিল্লা।

CamScanner

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## হাইকোর্ট বিভাগ, ঢাকা।

নং- ৯৯৯(৩-৯৭) -জি- তারিখঃ ২৭ নভেম্বর, ২০০৭ইং

বিষয়ঃ The Code of Criminal Procedure, 1898 এর ১৭৪ ধারা মোতাবেক ম্যাজিস্ট্রেট কর্তৃক মৃত্যুর কারণ অনুসন্ধান এবং The Motor Vehicles Ordinance, 1983 এর বিধান অনুযায়ী মটরযানের লাইসেন্স ইস্যুর ক্ষমতা প্রয়োগ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হইয়া জানাইতেছি যে, সংশোধিত Code of Criminal Procedure, 1898 এর ১৭৪ ধারা মোতাবেক যে কোন ব্যক্তির মৃত্যুর সংবাদ প্রাপ্তির পর সংশ্লিষ্ট থানার দায়িত্বপ্রাপ্ত পুলিশ অফিসার সুরতহাল তদন্ত পরিচালনা করিবেন এবং এই সম্পর্কিত প্রতিবেদন সংশ্লিষ্ট জেলার জেলা ম্যাজিস্ট্রেট বা ক্ষমতাপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেট বরাবরে পেশ করিবেন। উক্ত বিষয়ে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট বা ক্ষমতাপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেট সিদ্ধান্ত প্রদান করিবেন। উল্লেখ্য যে, উক্ত বিষয়ে চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট বা বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটগণের সিদ্ধান্ত প্রদানের কোন এখতিয়ার সংশোধিত ফৌজদারী কার্যবিধিতে রাখা হয় নাই।

২। The Motor Vehicles Ordinance, 1983 এর বিধান অনুযায়ী বিভিন্ন প্রকার মটরযানের লাইসেন্স প্রদান কিংবা বাতিল করার এখতিয়ার সংশ্লিষ্ট নির্বাহী ম্যাজিষ্ট্রেটের উপর বর্তায়। এই প্রসঙ্গে সংশোধিত ফৌজদারী কার্যবিধির নিম্নবর্ণিত ৪এ ধারা প্রণিধানযোগ্য।

"4A. Construction of references.................................................................................

**(2) Where, under any law for the time being in force other than this Code, the functions exercisable by a Magistrate relate to matters -**

..............................................................................................................................

(b) which are administrative or executive in nature, such as the granting of a licence, the suspension or cancellation of a licence, sanctioning a prosecution or withdrawing from a prosecution, they shall, subject as aforesaid, be exercisable by an Executive Magistrate."

সংশোধিত ফৌজদারী কার্যবিধির উপরোক্ত বিধান অনুসারে সকল প্রকার মটরযানের লাইসেন্স প্রদান কিংবা বাতিল করা বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটগণের এখতিয়ার বহির্ভূত। তবে, এতদসংক্রান্ত বিষয়ে কোন জটিলতার উদ্ভব হইলে তাহা নিরসনের লক্ষ্যে সরকার ফৌজদারী কার্যবিধির উপরোক্ত বিধানের সহিত সামঞ্জস্য রাখিয়া যথাযথ পদক্ষেপ গ্রহণ করিতে পারে।

উপরোক্ত বিষয়গুলি সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবার জন্য মহোদয়কে অনুরোধ করা হইল।

২৭/১১/০৭

(মোঃ গোলাম সারওয়ার)
ডেপুটি রেজিষ্ট্রার-৩
ফোন- ৯৫৬১৪০১।

বরাবর

সচিব,
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner